আজকের কাগজ

তারিখ 11 SEP 1994

পৃষ্ঠা ৩ কলাম ৬

10

# শিক্ষক ধর্মঘটের ফলে পলিটেকনিক ইনস্টিটিউটগুলো অচল

দেশের ২০টি পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজে বিগত ৩ সেপ্টেম্বর থেকে ৯ দফা দাবিতে শিক্ষকদের অবিরাম কর্মবিরতির ফলে সম্পূর্ণ অচল হয়ে গেছে। গতকাল অবিরাম কর্মবিরতির ৮ম দিন অতিবাহিত হয়েছে। দেশের কারিগরী শিক্ষার সর্ববৃহৎ অংগন এই পলিটেকনিক শিক্ষা ব্যবস্থা দীর্ঘ ৮ দিন সম্পূর্ণ অচল হয়ে পড়ে থাকলেও এ সংকট নিরসনে সরকারের পক্ষে এখনও পর্যন্ত কোন উদ্যোগ নেই। এ অবস্থায় ২০টি পলিটেকনিক ইনস্টিটিউটের ২০ সহস্রাধিক ছাত্র-ছাত্রীর শিক্ষা জীবন সম্পূর্ণ অনিশ্চিত হয়ে পড়েছে। এই সকল ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবক দারুণভাবে উদ্বিগ্ন হয়ে পড়েছে। পলিটেকনিক শিক্ষকদের অবিরাম কর্মবিরতির ফলে পলিটেকনিক ইনস্টিটিউটগুলো এখন জনশূন্য হয়ে পড়েছে। ছাত্র-ছাত্রীরা এখন হোস্টেল সমূহ থেকে যার যার বাড়ি চলে গেছে। খবর বিজ্ঞপ্তি'র।